



Support Implementation of the Revenue Mobilization Programme for Result: VAT Improvement

Picture	Name of Project Director/ Deputy Project Director	Address/Telephone No./email
	Mahmuda Begum (2333) Project Director & Additional Secretary Wing Chief Wing-2: World Bank	Room # 04, Block # 16, ERD M/o Finance, Sher-e Bangla Nagar, Dhaka-1207, 9180675(O), 01730710381(M), 106(I) Fax: 9180671 e-mail: addl-secy2@erd.gov.bd mahmuda.bar@gmail.com
	Deputy Project Director & Deputy Secretary Branch:WB-IV	Room#23,Block#16 9180688(O),(R),01715135582(M),209(I) e-mail: ds-wb4@erd.gov.bd , dserdwb4@gmail.com

সাপোর্ট ইমপ্লিমেন্টেশন অব দ্যা রেভিনিউ মবিলাইজেশন প্রোগ্রাম ফর রেজাল্ট: ভ্যাট ইমপ্রুভমেন্ট প্রোগ্রাম (এসআইআরএমপিআর) ভিআইপি (ভ্যাট অনলাইন প্রজেক্ট)

প্রকল্প পরিচিতিঃ

অর্থনৈতিক সম্পর্ক বিভাগকে জাতীয় রাজস্ব বোর্ড, ভ্যাট উন্নয়ন প্রোগ্রাম (ভিআইপি), ভ্যাট অনলাইন ২০১৪-২০১৮ প্রকল্পের কার্যক্রম মনিটরিং এবং ভেরিফিকেশন করার জন্য তৃতীয় পক্ষ হিসেবে দায়িত্ব প্রদান করা হয়। উক্ত দায়িত্ব পালনের জন্য অর্থনৈতিক সম্পর্ক বিভাগ “Support Implementation of the Revenue Mobilization Program for Results: VAT Improvement Program [SIRMPR: VIP (VAT Online Project)] Project” প্রকল্প গ্রহণ করে। জাতীয় রাজস্ব বোর্ড, ভ্যাট উন্নয়ন প্রোগ্রাম (ভিআইপি), ২০১৪-২০১৮, যা বাংলাদেশ এবং বিশ্বব্যাংক কর্তৃক অর্থায়নকৃত পরিচালনা করছে এবং এটি সরকারের বৃহত্তর ট্যাক্স রিফর্ম এজেন্ডার একটি গুরুত্বপূর্ণ বিষয়। ট্যাক্স আধুনিকীকরণ পরিকল্পনার অংশ হিসেবে ভ্যাট উন্নয়ন প্রোগ্রাম নতুন ভ্যাট আইন বাস্তবায়নে সহায়তা করছে। ভ্যাট উন্নয়ন প্রোগ্রাম ব্যবহার করেছে বিশ্বব্যাংকের একটি নতুন অর্থায়ন পদ্ধতি যা প্রোগ্রাম ফর রেজাল্ট নামে পরিচিত। প্রোগ্রাম ফর রেজাল্ট এর আওতায় ফলাফল অর্জনের সাথে অর্থ ছাড়ের বিষয়টি সংযুক্ত করা হয়েছে। যদি ও প্রকল্পটি জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক বাস্তবায়ন করা হচ্ছে, সাধারণত বিশ্বব্যাংক এবং বাস্তবায়নকারী সংস্থার মধ্যে পৃথকভাবে মনিটরিং এবং ভেরিফিকেশন, ক্যাপাসিটি বিল্ডিং, দুর্নীতি বিষয়ক প্রতিবেদন এবং সমস্যা সমাধান সময় সাপেক্ষ এবং জটিল বিষয়। ফলে নিরপেক্ষভাবে, সাবলীল কার্যক্রম চালনা, ভেরিফিকেশন ফলাফল সময়মত সম্পন্ন, কারিগরী বিশেষ জ্ঞান সহজতর করা, দুর্নীতির অভিযোগ সংকলন করা এবং সমস্যা সমাধান করার জন্য একটি তৃতীয় পক্ষের প্রয়োজনীয়তা বিশেষভাবে অনুভব করা হয়। তৃতীয় পক্ষ প্রকল্পের স্বাভাবিক কার্যক্রম বাস্তবায়নে অংশগ্রহণ করবেনা, তবে প্রকল্প এবং বিশ্বব্যাংকের মধ্যে যোগ সূত্র স্থাপনকারী হিসেবে ভূমিকা পালন করবে।

৫.৩.২ প্রকল্পের ব্যয় এবং মেয়াদঃ

- প্রকল্পটির ব্যয় ২৩.২৩ কোটি টাকা। অর্থায়নকারী প্রতিষ্ঠান হচ্ছে বিশ্বব্যাংক।
- প্রকল্পটির বাস্তবায়নকাল জুলাই ২০১৪ হতে জুন ২০২০ পর্যন্ত।
- প্রকল্পের মূল উদ্দেশ্যঃ
- প্রকল্পের উদ্দেশ্য হচ্ছে অর্থনৈতিক সম্পর্ক বিভাগ ভ্যাট অনলাইন প্রকল্প বাস্তবায়নে সমন্বয়কের ভূমিকা পালন করবে। প্রোগাম ফর রেজাল্ট একটি নতুন অর্থায়ন পদ্ধতি যা প্রথমবাবের মত বাংলাদেশে আলোচ্য প্রকল্পে প্রয়োগ করা হয়েছে এবং এটি বাস্তবায়নকারী সংস্থার শিক্ষণীয় বিষয় এবং অন্যান্য মন্ত্রণালয় উক্ত প্রক্রিয়ায় সংযুক্ত হতে পারবে।

প্রকল্পের কার্যাবলীঃ

- বিশ্বব্যাংকের নিকট উপস্থাপিত অগ্রগতি প্রতিবেদন প্রদানের একক কেন্দ্র এবং অর্থ প্রবাহ এবং ব্যয় মনিটরিং করা, ডিসবার্সমেন্ট লিংক ইন ডিস্টের (ডিএলআই) যাচাই করা এবং মান নিয়ন্ত্রণ সাপোর্ট প্রদানের জন্য মনিটরিং করা।
- ওয়েবসাইট, এসিসি এবং ওসিএজি ও অন্যান্য উৎস হতে তথ্য সংগ্রহ এবং উল্লিখিত প্রোগ্রামের আওতায় জালিয়াতি এবং দুর্নীতি প্রতিবেদন ষাণ্মাসিক ভিত্তিতে বিশ্বব্যাংক কে প্রদান করা।
- রেজাল্ট ফর প্রোগাম যাচাই করার জন্য ইনডিপেন্ডেন্ট ভেরিফিকেশন এজেন্টের সাথে চুক্তি করা।
- অর্থ বিভাগের অর্থ ছাড় সংক্রান্ত বিষয় এবং অডিট আপত্তির বিষয়ে সময়মত পদক্ষেপ গ্রহণ করা।
- বিশ্বব্যাংকের রেজাল্ট ভিত্তিক অর্থায়ন পদ্ধতি সম্পর্কে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে ক্যাপাসিটি বিল্ডিং কার্যক্রম নিশ্চিত করা।
- সার্বিক প্রকল্প বাস্তবায়ন অবহিত করার জন্য দায়িত্ব গ্রহণ এবং বহিঃস্টেক হোল্ডারদেও জন্য বিক্রি/তথ্যাদি/ প্রতিবেদন প্রণয়ন করা।
- ভ্যাট অনলাইন প্রকল্পের কার্যক্রম মনিটরিং এবং ভেরিফিকেশনের মাধ্যমে সরকারের বৃহত্তর ট্যাক্সরিফর্ম কার্যক্রম বাস্তবায়নে SIRMPR প্রকল্প কার্যক্রম পরিচালনা করছে।